

কৃতী ছাত্রছাত্রীদের বৃত্তি দিয়েছে শিল্পব্যাংক

বাংলাদেশ শিল্প ব্যাংকের মেধাবৃত্তি
ক্রিমের আওতায় ২০০০-২০০১ ও
২০০১-২০০২ অর্থবছরে এস.এস.সি
থেকে স্নাতক পর্যন্ত বিভিন্ন পরীক্ষায়
কৃতিত্ব অর্জনকারী ব্যাংক কর্মকর্তা
কর্মচারীদের ১শ ও ৩ জন কৃতী
ছাত্রছাত্রীকে আনুষ্ঠানিকভাবে বৃত্তি প্রদান
করা হয়।

সোমবার ব্যাংকের প্রধান কার্যালয়ে
ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো.
আবদুল হামিদ মিয়াদ সভাপতিত্বে
অনুষ্ঠিত এক অনাড়ম্বর অনুষ্ঠানের
মাধ্যমে ব্যাংকের পরিচালনা বোর্ডের
চেয়ারম্যান প্রফেসর আবু আহমেদ বৃত্তির
অর্থ প্রদানের করেন। অনুষ্ঠানে সংশ্লিষ্ট
ভাষা প্রফেসর আহমেদ বলেন, কৃতী
ছাত্রছাত্রীদের উৎসাহ দেয়ার জন্য সব
সময়ই আমাদের সচেতন থাকতে হবে।
জাতিকে মেধায়-মননে উপযুক্ত করে
তুলতে হলে প্রতিভাবানদের অবশ্যই
লালন করতে হবে। সরকারের বিভিন্ন
বাক্যবসম্মত ব্যবস্থা, বিশেষ করে উপবৃত্তি
চাপুর ফলে গ্রামের মেয়েবাও এখন
দলবেঁধে কলে যেতে পারছে। তিনি
আরও বলেন, বাজারা যাতে ইংরেজি
এবং অঙ্ক পারদর্শী হয় সে ব্যাপারে
সবাইকে সচেতন থাকতে হবে। অন্যথায়
প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকা
সম্ভব হবে না। অনুষ্ঠানে অন্যদের মধ্যে
বক্তব্য রাখেন ড. নাজমুল হারী, কাজী
আবুল বাশার, মো. কলিমউল্লাহ, নাহিদ
পারভিন ও মো. মাহবুবুল হাসান এবং
ব্যবস্থাপনা পরিচালক মো. আবদুল
হামিদ মিয়া। সংবাদ বিজ্ঞপ্তি।